**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 1/14/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

# গভর্নর কুওমো লিমুজিন সেফটি আইন প্যাকেজ নিয়ে সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা কাজিনস এবং অ্যাসেম্বলি স্পিকার হেস্টির সাথে ত্রিপাক্ষিক চুক্তির কথা ঘোষণা করেন

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ লিমুজিন সেফটি নিয়মাবলীর প্যাকেজ নিয়ে সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স এবং অ্যাসেম্বলি স্পিকার কার্ল হেস্টির সাথে ত্রিপাক্ষিক চুক্তির কথা ঘোষণা করেন। এই 10 পয়েন্ট প্যাকেজে নতুন নিরাপত্তা প্রবিধান প্রবর্তন করে, যেমন: সিটবেল্টের প্রয়োজনীয়তা, ত্রুটিপূর্ণ লিমুজিন পরিচালনা বন্ধ করা, অবৈধ ইউ-টার্নের জন্য শাস্তি বৃদ্ধি, GPS এর প্রয়োজনীয়তা, গ্রাহক পরিষেবা সংস্থানের প্রয়োজনীয়তা, নিয়মিত যানবাহনের বৈধতাকরণ এবং এবং চালকের নিরাপত্তা সংক্রান্ত তথ্য, লিমুজিন চালকদের জন্য নতুন বাণিজ্যিক চালকের লাইসেন্সের প্রয়োজনীয়তা, একটি যাত্রীর টাস্ক ফোর্স তৈরি করা এবং ড্রাগ এবং অ্যালকোহল পরীক্ষা।

"এই ব্যাপক সংস্কার কর্তৃপক্ষকে রাস্তা থেকে বিপজ্জনক যানবাহন অপসারণ করতে, খারাপ পরিচালকদের প্রতিরোধ করতে এবং সাধারণ জ্ঞানের নিরাপত্তার মান স্থাপন করার জন্য বহু প্রয়োজনীয় নতুন ক্ষমতা প্রদান করবে, যা নিউ ইয়র্কের প্রতিটি কোণায় জনসাধারণের নিরাপত্তা বৃদ্ধি করবে", **গভর্নর কুওমো বলেন**। "এই ভয়াবহ দুর্ঘটনাগুলি যার ফলে এই পদক্ষেপ নেওয়া হয়, তা রাজ্যের একেবারে মূলে আঘাত করেছে এবং যারা এই সব দুর্ঘটনায় প্রিয়জনদের হারিয়েছেন তাদের পাশে আমরা রয়েছি এবং অক্লান্ত পরিশ্রম করেছি যাতে ভবিষ্যতে এরকম দুখঃজনক ঘটনা প্রতিরোধ করতে সাহায্য করতে পারিচিরতরে।"

"উৎসবের জন্যই লিমুজিন ব্যবহার করা হয় সাধারণত, এবং সিনেট গণতান্ত্রিক সংখ্যাগরিষ্ঠ ঠিক সেটাই বজায় রাখতে চায়," **সেনেট সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স বলেন,** "অনিরাপদ লিমুজিন এবং শিথিল নিয়মাবলীর জন্য যে দুর্ঘটনাগুলো ঘটেছে, তা দুখঃজনক এবং এই সমস্যার মোকাবেলার দায়িত্ব আমাদের। সিনেট সংখ্যাগরিষ্ঠ যে সব পরিবার লিমুজিন দুর্ঘটনায় তাদের প্রিয়জনদের হারিয়েছেন এবং যারা সেই কষ্টকে আন্দোলনে পরিণত করেছেন, তাদের পাশে রয়েছেন এবং তাদের দুঃখে শোক প্রকাশ করেন। এই বিলগুলি, যা সিনেট সংখ্যাগরিষ্ঠ, অ্যাসেম্বলি সংখ্যাগরিষ্ঠ এবং গভর্নর কুওমোর সমর্থন প্রাপ্ত হয়েছে, নিরাপত্তা উন্নত করতে সাহায্য করবে, সংস্থাগুলিকে দায়বদ্ধ করবে, এবং জীবন বাঁচাবে।"

"লিমুজিন প্রায়সই আনন্দের অনুষ্ঠানে - বিয়ে, প্রম এবং বিশেষ অনুষ্ঠানের জন্য পছন্দের বাহন হিসেবে ব্যবহৃত হয়। কিন্তু আমরা অনেকগুলি বেদনাদায়ক ঘটনায় পরিণত হতে দেখেছি,"

**অ্যাসেম্বলি স্পিকার কার্ল হেস্টি বলেন।** "আমরা গত বছরের বাজেটে যে অগ্রগতি করেছি, তার উপর উপর ভিত্তি করে গড়ে তোলে আজকের পাশ করা বিলগুলি, ভাড়ার-জন্য লিমুজিন শিল্পের প্রয়োজনীয় তত্ত্বাবধানের ব্যবস্থা করে এবং তাদের যাতে দায়বদ্ধ করা যায় তা নিশ্চিত করে। এসব গুরুত্বপূর্ণ সংস্কারগুলির মানে হবে আরো নিরাপদ যানবাহন, আরো নিরাপদ রাস্তা এবং আরো জীবন বাঁচানো।"

**পরিবহন সংক্রান্ত কমিটির (Committee on Transportation) চেয়ারম্যান সিনেটর টিমোথি এম. কেনেডি বলেন,** "আইনের এই সমন্বিত প্যাকেজ পাস করে সিনেট ও অ্যাসেম্বলি নিউইয়র্ক স্টেট জুড়ে মানসমূহ শক্তিশালী করছে এবং যাত্রী নিরাপত্তাকে অগ্রাধিকার দেওয়া নিশ্চিত করার জন্য এইশিল্প যেভাবে নিয়ন্ত্রণ করা হয় তা পরিবর্তন করছে। যে সব পরিবারগুলি স্কোহেয়ার এবং কাচোগের লিমো দুর্ঘটনায় প্রিয়জনদের হারিয়েছেন, তারা এই সংস্কারগুলি প্রবর্তনের ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করেছেন, নিউইয়র্ককে নিরাপদ করার জন্য তাদের অঙ্গীকার নিঃসন্দেহে অন্য পরিবারগুলোকে তারা যে মর্মান্তিক অভিজ্ঞতা লাভ করেছেন, তা থেকে থেকে নিবৃত্ত করবে। আমি গভর্নর অ্যান্ড্রু কুওমো, সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স, এবং স্পিকার কার্ল হেস্টিকে ধন্যবাদ জানাই এই ঐতিহাসিক চুক্তিকে ত্বরান্বিত করার উদ্দেশ্যে আমাদের সাথে কাজ করার জন্য, এবং আমি এই গুরুত্বপূর্ণ ব্যবস্থাগুলো বিধিবদ্ধ হওয়া দেখতে উদগ্রীব।"

**পরিবহন কমিটির (Committee on Transportation) চেয়ারম্যান অ্যাসেম্বলি সদস্য উইলিয়াম ম্যাগনারেলি বলেন,** "নিউ ইয়র্ক স্টেটের ঠিক এখানে হওয়া ভয়াবহ দুর্ঘটনাগুলি লিমুজিন সংক্রান্ত আমাদের রাজ্যের ট্রাফিক নিরাপত্তা আইনের অপর্যাপ্ততার প্রতি জাতীয় মনোযোগ আকর্ষণ করেছে। ড্রাইভার এবং যাত্রী উভয়ের জন্য নিরাপত্তার চ্যালেঞ্জের একটি অনন্য সেট উপস্থিত করে লিমুজিনগুলি। আমার আইন এই ধরনের কিছু ঘাটতি মোকাবেলার জন্য সাহায্য করবে, এই সব যানবাহন সিটবেল্ট দিয়ে সজ্জিত করা নিশ্চিত করে, লিমো চালকদের অন্যান্য উচ্চ মাত্রায় অধিকৃত গাড়ির চালকদের সাথে একই মানে রেখে এবং আমরা এই নিরাপত্তা সংক্রান্ত বিষয়গুলো অধ্যয়ন করতে থাকা নিশ্চিন্ত করে এবং ভবিষ্যতে প্রয়োজনীয় পরিবর্তনগুলির সম্পাদন নিশ্চিত করে।"

**সিটবেল্ট প্রয়োজনীয়তা (S. 6191C/A. 9057)**

এই আইন প্রদান করে যে মোটর যান স্ট্রেচ লিমুজিনে রূপান্তরিত হয় 01 জানুয়ারী 2021 তারিখে বা তার পরে, তাতে সামনের আসনের জন্য অন্তত 2টি সেফটি বেল্ট এবং অন্তত একটি সেফটি বেল্ট থাকতে হবে পিছনের আসনের বসার জন্য নির্ধারিত যাত্রীদের প্রত্যেকের জন্য, এবং তার সাথে 01 জানুয়ারী 2023 এর মধ্যে প্রত্যেকটি স্ট্রেচ লিমুজিনের জন্য সিটবেল্ট লাগানো বাধ্যতামূলক হবে।

**নতুন বাণিজ্যিক ড্রাইভারের লাইসেন্স প্রয়োজনীয়তা লিমুজিন চালকদের জন্য (S. 6192A/A.8474A)**

এই আইন অনুযায়ী যে সকল ব্যক্তি চালক সহ 9 বা তার বেশি যাত্রী বহনকারী লিমুজিন পরিচালনা করেন, তাদের একটি যাত্রী অনুমোদিত বাণিজ্যিক চালকের লাইসেন্স থাকাবাধ্যতামূলক।

**ত্রুটিপূর্ণ লিমুজিনের পরিচালনা বন্ধ করা এবং আটক করা(S. 6193C/A. 9056)**
এই আইন পরিবহণ কমিশনারকে নির্দিষ্ট পরিস্থিতিতে স্ট্রেচ লিমুজিন পরিচালনা বন্ধ করতে বা আটক করার অনুমোদন প্রদান করে এবং এই বিধিবদ্ধ করে যে যতক্ষণ না কমিশনার লিখিত বিজ্ঞপ্তি দেন যে যানটি পুনঃপরীক্ষণ পাশ করেছে, ততক্ষণ সেটি ছাড়া হবে না। কমিশনারের অনুমোদন ছাড়া কোনও গাড়ি ছাড়া হলে তার জন্য 10,000 মার্কিন ডলার পর্যন্ত জরিমানা ধার্য করা হতে পারে।

**অবৈধ ইউ-টার্নের জন্য শাস্তি বৃদ্ধি (S. 6188B/A. 8172B)**
লঙ্ঘনের জন্য 250 মার্কিন ডলার থেকে 400 মার্কিন ডলার জরিমানা এবং/অথবা 15 দিন পর্যন্ত কারাবাস হতে পারে। আঠারো মাসের মধ্যে দ্বিতীয় লঙ্ঘনের জন্য 600 মার্কিন ডলার থেকে 750 মার্কিন ডলার জরিমানা এবং/অথবা 45 দিন পর্যন্ত কারাবাস হতে পারে। অন্তত একজন যাত্রী নিয়ে একটি অবৈধ ইউ-টার্ন করার জন্য একটি স্ট্রেচ লিমুজিনকে 750 মার্কিন ডলার থেকে 1,000 মার্কিন ডলার জরিমানাএবং/অথবা 180 দিন পর্যন্ত কারাবাসের দন্ডাদেশ প্রদান করা হতে পারে।

**লিমোসিনসের জন্য GPS এর প্রয়োজনীয়তা (S. 6187C/A. 9058)**
এই আইন বাণিজ্যিক গাড়ির জন্য বিশেষভাবে পরিকল্পিত এবং ফেডারাল মান পূরণ করে এমন GPS প্রযুক্তি ব্যবহার করা বাধ্যতামূলক করে।

**নতুন কাস্টমার সার্ভিস রিসোর্স (S. 6185B/A.8214B)**
এই আইন অনুযায়ী পরিবহন ও মোটর ভেহিকেলস এর কমিশনারদের প্রয়োজন একটি টেলিফোন হটলাইন চালু করা, রক্ষণাবেক্ষণ করা, পর্যবেক্ষণ করা এবং মোটর ভেহিকেল বিভাগের রক্ষণাবেক্ষণের আওতায় রাখা হবে, স্ট্রেচ লিমো সংক্রান্ত নিরাপত্তার বিষয়গুলি জানানোর জন্য এবং একটি নিরাপদ লিমো ওয়েবসাইট যা বজায় রাখবে পরিবহণ দফতর। পরিবহণ বিভাগ (Department Of Transportation, DOT) ও ডিপার্টমেন্ট অফ মোটর ভেহিক্লস (Department Of Motor Vehicles, DMV) হটলাইনে উৎপাদিত রিপোর্টগুলির তদন্ত করতে পারে এবং তাদের প্রয়োগকারী কর্মকাণ্ডে সেই সব রিপোর্টের যাচাই করা তথ্য ব্যবহার করতে পারেন।

**ড্রাইভারের লাইসেন্স যাচাইকরণ (S. 6604B/A.9059)**
এই আইন বাধ্যতামূলক করে যে প্রতিটি মোটর ক্যারিয়ার মোটর ভেহিকেল বিভাগের কাছে প্রতিটি পরিবর্তিত মোটর গাড়ির একটি তালিকা প্রদান করে যা 9টি বা তার বেশি যাত্রী বহন করতে পরিকল্পিত এবং এও বাধ্যতামূলক করে যে মোটর ভেহিক্লস কমিশনার বার্ষিকভাবে প্রতিটি বাস ড্রাইভারের ফাইল পর্যালোচনা করেন যারা একটি মোটর গাড়ির ক্যারিয়ার দ্বারা নিযুক্ত যারা স্ট্রেচ লিমুজিন পরিচালনা করেন, এবং তার সাথে বিভিন্ন নিরাপত্তার মেট্রিক্স প্রকাশ করেন। DMV-কে অবশ্যই বার্ষিকভাবে তাদের ওয়েবসাইট আপডেট করতে হবে মোটর ক্যারিয়ারদের তথ্য প্রদান করার জন্য যারা স্ট্রেচ লিমুজিন পরিচালনা করেন এবং লিমুজিন পরিচালনা এবং চালকদের সম্পর্কে তথ্য প্রদান করতে হবে।

**যাত্রী টাস্ক ফোর্স সৃষ্টি (S. 6189C/A.1316C)**

এই আইন স্ট্রেচ লিমুজিন যাত্রীর নিরাপত্তার টাস্ক ফোর্স প্রতিষ্ঠা করে স্ট্রেচ লিমুজিনের নিরাপত্তা, পর্যাপ্ততা, দক্ষতা এবং নির্ভরযোগ্যতা প্রভাবিত করে যে বিষয়গুলি তার একটি ব্যাপক পর্যালোচনা পরিচালনা করার জন্য।

**ড্রাগ এবং অ্যালকোহল টেস্টিং (S. 6186B/A.712A)**
এই আইনের আওতায় প্রয়োজন হবে বড়-ভাড়ার-গাড়ির ড্রাইভার এবং মোটর ক্যারিয়ারদের প্রাক-কর্মসংস্থান এবং কর্মে নিযুক্ত থাকার সময় এলোমেলোভাবে ড্রাগ এবং অ্যালকোহল পরীক্ষা করানো।

**ট্যাক্সি ও লিভারি পরিহিত যানবাহনে সিটবেল্ট ব্যবহার (S. 7134/A. 8990)**
এই আইন সিট-ভাড়া গাড়ির জন্য সিটবেল্ট ব্যবহারের প্রয়োজনীয়তা প্রসারিত করে।

**সিনেটর জেমস গগরান বলেন,** "আজ আমরা গুরুত্বপূর্ণ লিমো নিরাপত্তা আইন নিয়ে ব্যবস্থা নিচ্ছি যা যাত্রী ও চালকদের একইভাবে রক্ষা করবে। এই বিলগুলি, যার মধ্যে রয়েছে বাধ্যতামূলক সিট বেল্ট এবং বেআইনি ইউ-টার্নের বিরুদ্ধে পদক্ষেপ নেওয়া, যা গুরুত্বপূর্ণ নিরাপত্তা ব্যবস্থা যেগুলি কয়েক বছর আগে কাচোগে মাত্র কয়েক বছর আগে ঘটা বেদনাদায়ক দুর্ঘটনার মত দুর্ঘটনা প্রতিরোধ করবে। আমি কাচোগ এবং সস্কোহারির দুর্ঘটনায় জড়িত পরিবারগুলির সাহসী এবং অক্লান্ত প্রচারকে ধন্যবাদ জানাই যা আজকের বিলগুলোর এবং নিরাপত্তার জন্য লড়াই করার পেছনে চালনশক্তি।"

**সেনেটর র‍্যাচেল মে বলেছেন,** "গ্র্যাজুয়েশন বা বিয়ে আপনার জীবনের অন্যতম সেরা সময় হওয়া উচিত। আপনার ভাড়া করা লিমো পরিষেবা দিনের শেষে আপনাকে নিরাপদে বাড়ি ফিরিয়ে নিয়ে যেতে পারবে কিনা তা নিয়ে চিন্তা করার কথা নয় আপনার। আমার বিল নিরাপত্তার বিষয়গুলি আরো সহজে পরিবহণ কমিশনারের কাছে জানানোর ব্যবস্থা করে দেবে। আমরা অনেক প্রতিরোধযোগ্য দুখঃজনক ঘটনা দেখেছি কারণ লিমুজিনগুলি ভালভাবে রক্ষণাবেক্ষণ করা হয়নি বা নিয়মিত পরিদর্শন করা হয়নি। নিউ ইয়র্কবাসীরা আরো ভালো তত্ত্বাবধান প্রাপ্য।"

**সেনেটর জেমস স্যান্ডার্স জুনিয়র বলেন,** "পথচারী ও মোটর চালক, উভয়ের নিরাপত্তা নিশ্চিত করার জন্য এই বিলটি গুরুত্বপূর্ণ। এটা অত্যাবশ্যক যে DMV-র কাছে স্ট্রেচ লিমুজিন সংস্থাগুলি এবং তাদের চালকদের  সংক্রান্ত হালনাগাদকৃত রেকর্ড থাকে, বিশেষ করে ত্রুটি এবং দুর্ঘটনা সম্পর্কে। আমরা সবাই জানি যে একটি গাড়ী একটি বিপজ্জনক অস্ত্র হতে পারে যদি তা সঠিকভাবে পরিচালিত না হয়, এবং যখন আমরা সেই সব যানবাহন সম্পর্কে চিন্তা করি যেগুলি স্ট্রেচ লিমুজিনের চেয়েও বড় যা প্রায়ই বহু মানুষ পরিবহন করে, তখন আমাদের আরো বেশি সতর্ক হতে হবে।"

**সেনেটর আনা কাপলান বলেন,** "কাচোগ এবং স্কোহারির অকল্পনীয় দুর্ঘটনা ছিল স্ট্রেচ লিমুজিনের নিরাপত্তা সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের জন্য এক রূঢ় জাগরণ। আইন প্রণয়নকারী হিসেবে আমাদের রাজ্য জুড়ে পরিবারগুলির প্রতি কর্তব্য রয়েছে এই ধরনের অর্থহীন বেদনাদায়ক ঘটনা আবার ঘটার

প্রতিরোধ করার, এবং আমাদের অধিবাসীদের নিরাপদ রাখার জন্য সেই প্রচেষ্টার অংশ হিসেবে আমি আইনের পৃষ্ঠপোষকতা করতে পেরে খুবই গর্বিত।"

**সেনেটর জেন মেটজগার বলেন,** "স্কোহারির 2018-এর দুর্ঘটনা থেকে যে বিধ্বংসী প্রাণহানি হয়েছে, তা মানুষকে আমাদের রাস্তায় নিরাপদে রাখার জন্য আরও শক্তিশালী আইনের জন্য ব্যবস্থা নেওয়ার আহ্বান ছিল। আমার বিল যা লিমো চালক এবং অন্যান্য ভাড়া করা যানবাহনের জন্য ড্রাগ এবং অ্যালকোহল পরীক্ষা করানো বাধ্যতামূলক করে, এবং তার সাথে অন্যান্য জরুরী আইন যা আমরা আজ পাশ করেছি, জীবন বাঁচাবে এবং ভবিষ্যতে দুখঃজনক ঘটনা প্রতিরোধ করবে। আইনের এই অত্যাবশ্যক প্যাকেজটি সমর্থন করার জন্য আমি সিনেট ট্রান্সপোর্টেশন চেয়ার টিম কেনেডিকে ধন্যবাদ জানাতে চাই।"

**সিনেটর ব্র্যাড হয়েলম্যান বলেন,** "কেবল 2018 সালে ট্যাক্সি ও লিভারি যানবাহনে 40টি মারাত্মক বা সঙ্কটজনক আঘাত সহ দুর্ঘটনা ঘটেছিল। সিট বেল্ট একটি প্রমাণিত উপায় জীবন বাঁচানোর এবং গুরুতর আঘাত প্রতিরোধ করার — এবং স্কোহেরির ভয়াবহ দুর্ঘটনা আমাদের যা দেখায়, সিট বেল্ট না পরলে তার পরিণতি বেদনাদায়ক হতে পারে। সে কারণেই ট্যাক্সি বা ভাড়া জন্য গাড়ির প্রতিটি যাত্রীর জন্য বেল্ট বাঁধা এত গুরুত্বপূর্ণ। সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স এর নেতৃত্বকে ধন্যবাদ, নতুন সিনেট সংখ্যাগরিষ্ঠ সকল নিউ ইয়র্কবাসীদের নিরাপদ থাকা নিশ্চিত করার জন্য সাধারণ জ্ঞানের আইন পাস করছে।"

**অ্যাসেম্বলি সদস্য এমি পলিন বলেন,** "আজকের আইন ব্যবস্থা আমাদের রাস্তায় চালক, যাত্রী এবং সকলের জন্য স্ট্রেচ লিমুজিন নিরাপদ করে তুলবে। প্রণীত বিলগুলি লিমুজিন শিল্পের প্রতিটি দিকে তত্ত্বাবধান এবং সংস্কার নিয়ে আসবে, লাইসেন্স এবং পরিদর্শন থেকে সিটবেল্ট এবং GPS ব্যবহারের অবধি। আমার বিশ্বাস এই পরিবর্তনগুলি জীবন বাঁচাবে এবং ভবিষ্যতে দুখঃজনক ঘটনা প্রতিরোধ করবে।"

**অ্যাসেম্বলি সদস্য এঞ্জেলো সান্টাবার্বারা বলেন,** "স্কোহারিতে মর্মান্তিক লিমুজিন দুর্ঘটনা যা 20 জনের জীবন নেয় তা প্রায় এক দশকের মধ্যে সব চেয়ে ভয়াবহ পরিবহন বিপর্যয় বলে মনে করা হয়। এই ভয়াবহ ঘটনা আমাদের সম্প্রদায়ের উপর একটি দাগ রেখে গেছে এবং হালনাগাদকৃত আইন যা স্ট্রেচ লিমুজিনের পরিচালনা নিয়ন্ত্রণ করবে, তার প্রয়োজনীয়তা প্রকট। এসব বিল যাত্রীদের নিরাপত্তা নিশ্চিত করতে নিয়মকানুন জোরদার ও মান উন্নয়নের লক্ষ্যে প্রণয়ন করা। এটা গুরুত্বপূর্ণ যে আমরা এই আইনের প্যাকেজটি যত দ্রুত সম্ভব আইনে স্বাক্ষর করাতে পারি, যাতে এই ধরনের দুখঃজনক ঘটনা প্রতিরোধ করা যায়।"

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন